

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৮২
শান্তিরবাজার, ২ অক্টোবর, ২০২৩

পদ্মশ্রী সত্যরাম রিয়াং প্রয়াত

আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন হজাগিরি নৃত্যগুরু পদ্মশ্রী সত্যরাম রিয়াং আজ ভোরে দশমী রিয়াং পাড়ায় তাঁর নিজ বাস ভবনে পরলোক গমন করেন। তাঁর মৃত্যু সংবাদ পেয়ে অসংখ্য গুণমুগ্ধ মানুষ পূর্ব কাঁঠালিয়া এডিসি ভিলেজস্থিত দশমী রিয়াং পাড়ায় প্রয়াত শিল্পীর বাড়িতে এসে শ্রদ্ধা জানান। শান্তিরবাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা মরদেহে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা রিপন চাকমা ও বরিষ্ঠ তথ্য আধিকারিক রাজেশ দেবনাথ আজ সকালে দশমী রিয়াং পাড়ায় গিয়ে প্রয়াত সত্যরাম রিয়াং এর মরদেহে মাল্যদান করে শেষ শ্রদ্ধা জানান। মৃত্যুকালে সত্যরাম রিয়াংয়ের বয়স হয়েছিল ৮১ বছর। তিনি ২ ছেলে ও ৫ মেয়ে সহ অসংখ্য আত্মীয় পরিজন রেখে গেছেন। হজাগিরি নৃত্যে অসামান্য অবদানের জন্য ভারত সরকার ২০২১ সালে তাঁকে পদ্মশ্রী পুরস্কার প্রদান করে।
